



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

শাখা নিয়ন্ত্রণ বিভাগ

রাকাব-এর প্রতিশ্রুতি, শূন্যের কোঠায় দুর্নীতি।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

ফোন নং : ০২৪৭-৮৬০৫১৯
ই-মেইল : dgmbcd@rakub.org.bd
ওয়েবসাইট : www.rakub.org.bd

প্রকা/শানিবি সার্কুলার লেটার নম্বর - ০৫/২০১৭

তারিখ : ০২.১০.২০১৭

সকল জোনাল ব্যবস্থাপক

উপ-মহাব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা

সহকারী মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী

সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয় : মেয়াদোত্তীর্ণ স্থায়ী আমানত হিসাব নবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ০৭.১২.১৯৯১ তারিখের শানিবি পরিপত্র নম্বর-১২/১৯৯১ এবং ০৮.০৭.১৯৯৭ তারিখের শানিবি-সার্কুলার লেটার নম্বর-৫/৯৭ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো। উক্ত সার্কুলার/সার্কুলার লেটার দুটির মাধ্যমে মেয়াদোত্তীর্ণ মেয়াদী আমানত নবায়ন বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা জারী করা হয়।

০২। এ সার্কুলার/সার্কুলার লেটার জারীর দীর্ঘ সময় অতিবাহিত হয়েছে। ফলে এ বিষয়ে সুস্পষ্ট ধারণা না থাকায় অনেক শাখায় মেয়াদোত্তীর্ণ মেয়াদী আমানত নবায়ন পদ্ধতি নিয়ে সংশয়/বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। এমতাবস্থায় মেয়াদোত্তীর্ণ মেয়াদী আমানত নবায়ন বিষয়ে সকলকে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের পরামর্শ দেয়া হলো:

- (ক) কোন নির্দিষ্ট সময়ের মেয়াদী আমানত মেয়াদান্তে আমানতকারীর লিখিত অনুরোধে আংশিক অথবা পুরো অংকের ঐ একই সময়ের জন্য অথবা অন্য যে কোন সময়ের জন্য নবায়ন করা যেতে পারে এবং নবায়নকৃত অংকের উপরও উক্ত সময়ের জন্য প্রচলিত হারে সুদ প্রদেয় হবে;
- (খ) মেয়াদী আমানত মেয়াদোত্তীর্ণের তারিখ থেকে যদি আমানতকারী এক মাসের মধ্যে কোন নির্দেশ প্রদান না করেন তবে তা অটোমেটিক তিন মাসের জন্য নবায়নকৃত বলে গণ্য হবে এবং নবায়নকৃত অংকের উপরও উক্ত সময়ের জন্য প্রচলিত হারে সুদ প্রদেয় হবে;
- (গ) মেয়াদী আমানত হিসাব খোলার সময় পুনঃপুনঃ নবায়নের শর্তটি সন্নিবেশ করতে হবে। সন্নিবেশিত না থাকলেও মেয়াদোত্তীর্ণ মেয়াদী আমানত নবায়ন সুবিধা পুনঃপুনঃ চলতে থাকবে।

০৩। উল্লেখ্য, মানিলভারিং ও সন্ধানী কর্মকান্ডে অর্থায়ন প্রতিরোধ আইনের ধারাসমূহ যথাযথ পরিপালনের নিমিত্ত যে কোন হিসাব খোলার সময় বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রবর্তিত অভিন্ন হিসাব খোলার ফরম এবং আনুষঙ্গিক অন্যান্য ফরমের প্রতিটি ঘর যথাযথভাবে পূরণ এবং প্রয়োজনীয় নির্দেশনা পরিপালন করতে হবে।

আপনার বিশ্বস্ত

(জগন্নাথ শেখ)

উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্বে)

পত্র নং-প্রকা/শানিবি-৮(৪৮)/২০১৭-১৮/২৪৬(৩৯৭)/৫২

তারিখ: ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। মহাব্যবস্থাপক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৮। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, উপশহর, রাজশাহী।
- ০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১০। অফিস নথি।

০২.১০.২০১৭
(শেখ মোঃ নূরুজ্জামান)
সহকারী মহাব্যবস্থাপক